গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.৯০৭.১০.০০২.১৫-২৯৪ তারিখ: ০২/০৫/২০১৯ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর অধীনে নিম্নলিখিত শূণ্য পদসমূহে কেবল প্রকল্প মেয়াদকালীন (মার্চ/২০১৫ হতে জুন/২০২০ সাল পর্যন্ত) সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সরকার নির্ধারিত সাকুল্যে বেতনে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন গ্রেড ও বেতন স্কেল | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সব জেলার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. |
| ০১। | ক্ষেত্র সহকারী | গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ১৮-৩০ বৎসর | ৫২ | ১. প্রার্থীকে যে কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস হতে হবে।<br>২. মৎস্য বিজ্ঞানে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রি ধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | **ঢাকা বিভাগঃ** ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, শরীয়তপুর, কিশোরগঞ্জ, গাজীপুর, ফরিদপুর, মাদারীপুর, নরসিংদী।<br>**সিলেট বিভাগঃ** সিলেট, সুনামগঞ্জ।<br>**চট্টগ্রাম বিভাগঃ** চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, লক্ষীপুর, ফেনী, নোয়াখালী, বান্দরবান, খাগড়াছড়ি।<br>সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন। |

(ক) উপর্যুক্ত ছকের ০৭ নং কলামে বর্ণিত জেলা ব্যতিত অন্য জেলাসমূহের বাসিন্দাদের আবেদনের প্রয়োজন নেই।

(খ) আবেদনপত্র এবং প্রবেশ পত্রের নমুনা মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে www.fisheries.gov.bd পাওয়া যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারী কর্তৃক পূরণকৃত ০২ কপি প্রবেশপত্র সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ৫×৫ সে.মি. সাইজের ০১ (এক) কপি এবং ২টি প্রবেশপত্রে ০১ (এক) কপি করে ০২ (দুই) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। খামের উপরে স্পষ্টাক্ষরে পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধা ও উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে খামের উপর ''মুক্তিযোদ্ধা/উপজাতি'' লিখতে হবে। আবেদনপত্রের সাথে সত্যায়িত এইচ. এস. সি. পাশের মার্কসিট সংযুক্ত করতে হবে।

(গ) ২৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ০৪ নং কলামের বর্ননা অনুযায়ী হতে হবে। মুক্তিযোদ্ধা কোটাপ্রার্থী এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

(ঘ) সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারি বিধি মোতাবেক অনুসরণ করা হবে।

(চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(ছ) আবেদনপত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত তারিখ ও নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(জ) অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ দরখাস্ত বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ঝ) উপর্যুক্ত ছকের ০৫ নং কলামে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

(ঞ) আবেদনকারীকে প্রকল্প পরিচালক, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে।

(ট) আবেদনপত্র আগামী ২৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন (বেলা ৫.০০ ঘটিকার মধ্যে) ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, কক্ষ নং-৭২০, মৎস্য ভবন, ১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে।

(ঠ) কর্তৃপক্ষ যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২/৫/১৯

(মোহাম্মদ হাবিবুর রহমান)
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৯৫১৩৫০৭
ইমেইলঃ pdunion@fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.৯০৭.১০.০০২.১৫-২৯৪ তারিখ: ০২/০৫/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. সচিব, মৎস্য প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
৪. পরিচালক (অভ্যন্তরীণ), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা/পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিও বিল্ডিং নং-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৫. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য ভবন, ঢাকা।
৬. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরীপ ব্যবস্থাপনা ইউনিট, সিজিও বিল্ডিং নং-২, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৭. উপপরিচালক, প্রশাসন/অর্থ ও পরিকল্পনা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৮. উপপ্রধান, আইটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. চিফ এক্সিকিউটিভ অফিসার, কল্পনা মিডিয়া, ১৮৫০, পূর্ব বাড্ডা, বাড্ডা, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ০৪.০৫.২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে একদিন "ভোরের কাগজ" এবং "The Financial Express" পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত বিল বিদ্যমান সরকারি বিধি মোতাবেক পরিশোধ করা হবে।
১০. নোটিশ বোর্ড (সকল), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১১. সংশ্লিষ্ট নথি।

প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৯৫১৩৫০৭
ইমেইলঃ pdunion@fisheries.gov.bd

# “চাকুরির আবেদন ফরম”

| |
|---|
| (৫× ৫) সে. মি.<br>ছবি<br>(সম্প্রতি তোলা ১ কপি)<br>আঠা দিয়ে লাগাতে হবে। |

বরাবর
প্রকল্প পরিচালক
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি
সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-১০০০।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |

| | | | |
|---|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা): |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | |
| ৯. | পিতার নাম : | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)): |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপর্যুক্ত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |

# প্রবশপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
www.fisheries.gov.bd

(৫× ৫) সে. মি.
ছবি
(সম্প্রতি তোলা ১ কপি)
আঠা দিয়ে লাগাতে হবে।

(অফিস কর্তৃক পূরণীয়)

রোল নং ..................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম .....................................................

পরীক্ষার তারিখ ..........................................................

পরীক্ষার সময় ..........................................................

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

পদের নাম ....................................................................

প্রার্থীর নাম ....................................................................

পিতা/স্বামীর নাম ..............................................................

বর্তমান ঠিকানা ...............................................................

...............................................................

...............................................................

...............................................................

১. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।
২. মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
৩. পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
৪. প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।
৫. প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহন হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এই প্রবেশ পত্রই পরবর্তী মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে; নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

বিঃ দ্রঃ এই প্রবেশপত্রের ০২ (দুই) কপি আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।